গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২৩-২৪ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খায়রুল কবীর মেনন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৬ জুলাই ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | সভাপতি মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব ও উপসচিব, প্রশাসন-৩ কে অনুরোধ জানান। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিস ও মাঠ (জেলা) পর্যায়ের অফিসের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অবহিতকরণ :**

**১.১ আলোচনা :** সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাকে অবহিত করেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিস ও মাঠ (জেলা) পর্যায়ের অফিসের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন ও মুল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ সুরক্ষা সেবা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের অবহিতকরণ করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকলের কাজের সুবিধার্থে মন্ত্রিপরিষদ বিভাগ এবং সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। পরবর্তীতে সভাপতি সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাকে সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের প্রধান কার্যালয়, বিভাগীয় অফিস এবং মাঠ (জেলা) পর্যায়ের অফিসের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রতিটি কর্মসম্পাদন সূচক, কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপনের আহ্বান জানান। সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রতিটি কর্মসম্পাদন সূচক, কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। পরবর্তীতে সভায় প্রতিটি কর্মস্পাদন সূচক নিয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন। সভাপতি প্রতিটি কর্মসম্পাদন সূচকই নির্ধারিত সময়ের পূর্বেই সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহ ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য প্রস্তাবিত উদ্ভাবনী ধারণাসমূহ আগামী ০৭ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে এ বিভাগের উপসচিব (প্রশাসন-৩) ও সদস্য সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর প্রেরণ করবে;

(খ) যে সমস্ত কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা সংখ্যা ভিত্তিক তা অর্থবছরের কোয়ার্টারভিত্তিক বাস্তবায়ন করতে হবে;

(গ) ইনোভেশন শোকেসিং ২০২৩ সালের নভেম্বর/ডিসেম্বর মাসের মধ্যে আয়োজন করতে হবে;

(ঘ) ই-নথির কার্যক্রম/প্রমাণক স্ব স্ব অফিসের মাসিক সমন্বয়সভার কার্যবিবরণীতে উল্লেখ রাখতে হবে;

(ঙ) কর্মশালা আয়োজনের ক্ষেত্রে মূল প্রবন্ধ উপস্থাপক কর্তৃক সরবরাহকৃত পাওয়ার পয়েন্ট ২ (দুই) দিন আগে কর্মশালায় অংশগ্রহণকারীদের মধ্যে বিতরণ করতে হবে। এছাড়াও সরকারি বিধিমতে ১ জন সঞ্চালক, ২ জন আলোচক, ২ র‍্যাপোর্টিয়ার আবশ্যিকভাবে রাখতে হবে। কর্মশালা শেষে র‍্যাপোর্টিয়ারগণ গুরুত্বপূর্ণ পয়েন্টসমূহ ২ কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্ব স্ব অফিসের সকল কর্মকর্তাকে লিখিত আকারে অবহিত করবে;

(চ) সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক আওতাধীন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিরীক্ষা করতে হবে। অধিদপপ্তরসমূহ স্ব স্ব বিভাগীয় অফিস এবং জেলা (মাঠ) অফিসের তথ্য বাতায়ন হালনাগাদপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রত্যেক কোয়ার্টারে প্রত্যায়ন প্রেরণ করবে;

(ছ) দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন ২০২৩-২০২৩ অর্থবছরের প্রথম কোয়ার্টারে বাস্তবায়ন করতে হবে;

(জ) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রথম ও দ্বিতীয় কোয়ার্টারের মধ্যে বাস্তবায়ন করতে হবে;

(ঝ) অধিদপ্তরসমূহ দ্রুততম সময়ের মধ্যে স্ব স্ব বিভাগীয় অফিস ও মাঠ (জেলা) পর্যায়ের অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ অবহিত করবে;

**২.০ বিবিধ;**

**২.১ আলোচনা :** সভায় সুরক্ষা সেবা বিভাগের প্রশাসন অধিশাখার যুগ্মসচিব সভাকে অবহিত করেন, সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নপূর্বক এ বিভাগের এপিএ টিম লিডারের নিকট দাখিল করতে হবে। পরবর্তীতে সভায় বর্ণিত বিষয়ে আওতাধীন অধিদপ্তরসমূহের উপস্থিত কর্মকর্তাদের নিকট মতামত নেয়া হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে আগামী ০৬ আগস্ট ২০২৩ তারিখে আওতাধীন অধিদপ্তরসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২.২ সিদ্ধান্ত :**
(ক) আগামী ০৬ আগস্ট ২০২৩ তারিখে আওতাধীন অধিদপ্তরসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়ন করা হবে;

(খ) আওতাধীন অধিদপ্তরসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়ন কমিটিতে এ বিভাগের এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল কবীর মেনন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.১৬০

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০
৩০ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
২) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৩) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
৪) উপসচিব, প্রশাসন-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৫) উপসচিব, কারা-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৭) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব